

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিঘলিয়া, খুলনা
www.digholia.khulna.gov.bd

বিষয় : দিঘলিয়া, খুলনা উপজেলার ইনোভেশন টিমের মার্চ -২০২৪ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব খান মাসুম বিল্লাহ, উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, দিঘলিয়া, খুলনা।

সভার তারিখ : ১৪-০৩-২০২৪ খ্রি. সময়: সকাল ১১.৩০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী এবং বর্তমান সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। দিঘলিয়া উপজেলা ইনোভেশন টিমের কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

০১. দিঘলিয়া উপজেলাধীন ইনোভেশন সংক্রান্ত পাইলট প্রকল্পের বর্তমান অবস্থা এবং কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে তৎপর হওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

বাস্তবায়নে: পাইলট প্রকল্প প্রদানকারী কর্মকর্তাবৃন্দ, দিঘলিয়া, খুলনা।

০২. উপজেলার সকল কর্মকর্তাবৃন্দের নিকট নতুন আইডিয়া প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে: উপজেলা ইনোভেশন টিম, দিঘলিয়া, খুলনা।

০৩. উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় আলোচ্যসূচির অন্তর্ভুক্ত করে ইনোভেশন বিষয়ে গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রমের অগ্রগতি নিয়ে নিয়মিতভাবে আলোচনা করতে হবে এবং প্রতিমাসের উপজেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী জেলা ইনোভেশন টিমের কাছে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা।

০৪. জনসেবায় উদ্ভাবন কর্মশালায় দাখিলকৃত দিঘলিয়া উপজেলাধীন বিভিন্ন পাইলট প্রকল্প মনিটরিং এ গতিশীলতা আনয়নের জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নে: উপজেলা ইনোভেশন টিম, দিঘলিয়া, খুলনা।

০৫. উপজেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীর সফটকপি সকল সদস্যদের ই-মেইলে সরবরাহ করতে হবে এবং ওয়েবপোর্টালে প্রকাশ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: সহকারী প্রোগ্রামার, দিঘলিয়া, খুলনা।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ
(খান মাসুম বিল্লাহ)
উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া, খুলনা
E-mail: unodigholia@mopa.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)


১. মাধ্যমিক শিক্ষা অফিসার / উপজেলা শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা।
২. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দিঘলিয়া, খুলনা।
২. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক দিঘলিয়া, খুলনা।
৩. চেয়ারম্যান,সকল ইউনিয়ন পরিষদ, দিঘলিয়া, খুলনা।

স্মারক নং: ০৫.৪৮.৪৭৪০.০০০.৩১.০০১.২২-৪৬০

তারিখ: ২১-০৩-২৪ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, ঢাকা।
২. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, ঢাকা।
৩. জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা।
৫., দিঘলিয়া, খুলনা।
৬. অফিস কপি।



২১/০৩/২৪

(খান মাসুম বিল্লাহ)

উপজেলা নির্বাহী অফিসার

দিঘলিয়া, খুলনা

E-mail: unodigholia@mopa.gov.bd